মেহেরপুরের বুড়িপোতা ইউনিয়নে ৩ নম্বর ওয়ার্ড বিএনপি’র অফিস উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নে ০৩ নম্বর ওয়ার্ড বিএনপি’র অফিস উদ্বোধন করা হয়েছে।

গতকাল শনিবার বিকাল সাড়ে চারটার সময় বুড়িপোতা গ্রামের ৩ নং ওয়ার্ড বিএনপি’র অফিস ফিতা কেটে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়। এ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সদর উপজেলা বিএনপি’র সভাপতি প্রভাষক ফয়েজ মোহাম্মদ।

‎প্রধান অতিথির বক্তব্যে এডভোকেট কামরুল হাসান বলেন, এদেশে আমরা যারা বিএনপি করি তাদের মধ্যে সবচেয়ে বড় ক্ষতিগ্রস্ত পরিবার হচ্ছে জিয়া পরিবার, তাদের চেয়ে ক্ষতিগ্রস্ত পরিবার এত বেশি কেউ না, আমরা সেই সিদ্ধান্তের ওপর দাঁড়িয়ে আছি ধানের শীষ প্রতীক যাকে বরাদ্দ দেবে অর্থাৎ নমিনেশন যাকে দেবে তার হয়ে কাজ করব এর বাইরে কোন সিদ্ধান্ত নেই মেহেরপুর জেলা বিএনপি’র।

‎আপনারা সবাই ঐক্যবদ্ধ হন, ধানের শীষের জন্য কাজ করুন। খুব অল্প সময়ের মধ্যেই নমিনেশন সিলেক্টেড হয়ে যাবে সেই প্রেক্ষাপট মাথায় রেখেই আমরা ধানের শীষের জন্য কাজ করে যাচ্ছি। ইনশাল্লাহ এবার মেহেরপুরের মাটিতে বিপুল ভোটে ধানের শীষ কে বিজয়ী করবো। ‎‎এ সময় আরো উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সাবেক সদস্য আলমগীর খান ছাতু, জেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, বুড়িপোতা ইউনিয়ন বিএনপি’র সভাপতি নাসির উদ্দিন,সাধারণ সম্পাদক ফরিদ হোসেন, ৭নং ওয়ার্ডের সভাপতি আমিরুল ইসলাম, সাধারণ সম্পাদক শাহজাহান ও ৬নং ওয়ার্ডের সভাপতি আব্দুল খালেক, সাধারণ সম্পাদক বুলবুল আহমেদ, বিএনপি নেতা নাহিদ, আয়নাল হক, মাসুদ রানা সহ স্থানীয় বিএনপি ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরের বুড়িপোতা ইউনিয়নে মোটরসাইকেলের গণসংযোগ

মেহেরপুর সদর উপজেলা নির্বাচনে চেয়ারম্যান প্রার্থী আনারুল ইসলামের পক্ষে গণসংযোগ করেছেন তার ছেলে বারিকুল ইসলাম।

রবিবার সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের রাজাপুর, বারাকপুরসহ বিভিন্ন গ্রামে চেয়ারম্যান প্রার্থী আনারুল ইসলামের মোটরসাইকেল মার্কা প্রতীকের গণসংযোগ করেন বারিকুল ইসলাম লিজন। এসময় জেলা স্বেচ্ছাসেবক লীগ, ছাত্রলীগের নেতাকর্মীরা অংশ নেন।

উল্লেখ্য, আনারুল ইসলাম সদর উপজেলা আমদহ ইউনিয়ন পরিষদে দুই বারের নির্বাচিত চেয়ারম্যান ছিলেন। তার ছেলে বারিকুল ইসলাম লিজন জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন।

মেহেরপুরের বুড়িপোতা ইউনিয়নে মতবিনিময় সভা ও শিক্ষা উপকরণ বিতরণ

শেখ হাসিনার উন্নয়নের ধারা পৌঁছে দিতে স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে বুড়িপোতা ইউনিয়ন পরিষদের উদ্যোগে মতবিনিময় সভা ও শিক্ষা উপকরণ বিতরণের আয়োজন করা হয়।

গতকাল বৃহস্পতিবার রাতে বুড়িপোতা ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে মতবিনিময় সভা ও শিক্ষা উপকরণ বিতরণ করা হয়।

বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহজামানের সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন

প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান আবুল হাসেম, মেহেরপুর সদর থানার ওসি সাইফুল ইসলাম, বুড়িপোতা ইউনিয়ন পরিষদের সচিব সানোয়ার হোসেন সানু, সদর থানা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক সানোয়ার হোসেন, মেহেরপুর সদর উপজেলা ছাত্রলীগের সভাপতি খন্দকার জুলকার নাইম বাইজিদ সহ বিভিন্ন নেতা কর্মী উপস্থিত ছিলেন।

এ সময় ৭ টি এন্ড্রয়েড টিভি, ৭ টি সাউন্ড বক্স, ৪৮টি ফ্যান, ৬০টি ডাস্টবিন, ১০টি সাইকেল, ২৩টি সেলাই মেশিন, মোট সাড়ে আট লাখ টাকার শিক্ষাও উপকরণ সেলাই মেশিন বাদে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণ করা হয়।

বুড়িপোতা ইউনিয়নের ৮ নং ওয়ার্ডের মেম্বর শাহাদত হোসেন

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের ৮ নং ওয়ার্ডের মেম্বর নির্বাচনে মামলাতেও হেরে গেলেন আলমগীর হোসেন নামের সেই মেম্বর প্রার্থী।

গতকাল মেহেরপুর যুগ্ম জজ-১ এর আদালতের বিজ্ঞ বিচারক মো: শাহাদত হোসেনকে ওই ওয়ার্ডের মেম্বর হিসেবে বহাল রাখেন।

জানা গেছে, ২০২১ সালের ২৮ নভেম্বর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে তিন জন প্রার্থী প্রতিদ্বন্দ্বীতা করেন। এরা হলেন আলমগীর হোসেন (টিউবওয়েল মার্কা), শাহাদত হোসেন মোরগ) ও মুঞ্জুরুল হক (ফুটবল)।

নির্বাচনে শাহাদত হোসেন মোরগ প্রতীকে ৯৪৩ ভোট পেয়ে নির্বাচিত হন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী আলমগীর হোসেন (টিউবওয়েল) প্রতীকে পান ৯২৮ ভোট ও মুঞ্জুরুল ইসলাম ফুটবল প্রতীকে ভোট পান ৫৬১

ভোট। ওই দিন নির্বাচন কমিশন শাহাদত হোসেনকে বিজয়ী ঘোষণা করলেও আলমগীর হোসেন এই রায়ের বিরুদ্ধে মামলা করেন যার নং ৩/১২ইং।